

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৯.০০০.০৪.০০২.২২-১২০২

তারিখ :

০৮ কার্তিক ১৪২৯
২৪ অক্টোবর ২০২২

অফিস আদেশ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকার প্রজ্ঞাপন নং-এস,আর, ও নং ৩৩৬ আইন/২০১৬ তারিখ-১৩ নভেম্বর ২০১৬, বাংলাদেশ গেজেট এর অতিরিক্ত সংখ্যায় ১৫ নভেম্বর ২০১৬ তারিখে প্রকাশিত (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা ২০১১ এর সংশোধিতমতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ৯৬ এর দফা (ঙ) তে প্রদত্ত ক্ষমতাবলে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ এবং অড্রাফিসের স্মারক নং- ০৫.৪৭.৪৯০৯.০০০.০৪.০০২.২১-১০৩৫ তারিখ-২০ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ তারিখে প্রকাশিত গ্রামপুলিশ (মহল্লাদার) নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক ২৪ অক্টোবর, ২০২২ তারিখে আবেদনকারীগণের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়। নিয়োগ কমিটি এর সর্বসম্মত সিদ্ধান্ত মোতাবেক চিলমারী উপজেলার ৪ নং রমনা মডেল ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ডে গ্রাম পুলিশ (মহল্লাদার) পদে নিয়োগের জন্য নিম্নবর্ণিত আবেদনকারীকে উল্লিখিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো।

ক্রমিক নং	প্রার্থীর নাম ও ঠিকানা	রোল নং	ইউনিয়নের নাম	যে ওয়ার্ডে নিয়োগপ্রাপ্ত
১	জনাব মোছাঃ এশি আক্তার পিতা : মোঃ ওবাইদুল ইসলাম মাতা : মোছাঃ রেপুনা বেগম গ্রামঃ মিস্ত্রি পাড়া, ডাকঘর : রমনা ইউনিয়ন : রমনা, ওয়ার্ড নং : ০২ উপজেলা : চিলমারী জেলা : কুড়িগ্রাম।	০৫	রমনা মডেল ইউপি	০২

শর্তাবলী :

- প্রার্থীকে নিজ দায়িত্বে সিভিল সার্জন, কুড়িগ্রাম কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে প্রয়োজনীয় সনদপত্র সংগ্রহ করে চাকুরীতে যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন।
- চারিত্রিক ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে।
- উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। যোগদানের তারিখ হতে ২ (দুই) বছর পর্যন্ত চাকুরীকাল শিক্ষানবিশ হিসেবে গণ্য হবে।
- যোগদানের সময় সকল প্রকার সনদের মূল কপি প্রদর্শন পূর্বক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- চাকুরীতে শিক্ষানবিশকালীন সময়ে কর্তৃপক্ষ যদি মনে করেন যে, সংশ্লিষ্ট গ্রাম পুলিশের (মহল্লাদার) আচরণ ও কর্মক্ষমতা সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই, তবে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকুরীর অবসান ঘটাতে পারবেন।
- নিয়োগপ্রাপ্ত গ্রাম পুলিশকে (মহল্লাদার) নিয়োগকারী কর্তৃপক্ষের নির্দেশে সংশ্লিষ্ট থানায় সংযুক্ত করে ১ (এক) মাসের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। সন্তোষজনকভাবে প্রশিক্ষণ সমাপ্ত করতে না পারলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করতে পারবেন।
- এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ প্রক্রিয়া সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধিবিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- বর্ণিত শর্তাবলীর আওতায় এ নিয়োগপত্র গ্রহণে সম্মত থাকলে নিয়োগপত্রে উল্লিখিত গ্রাম পুলিশকে (মহল্লাদার) আগামী ২৫/১০/২০২২ খ্রিস্টাব্দ তারিখ পূর্বাঙ্কে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চিলমারী, কুড়িগ্রাম এ যোগদান করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো। অবিলম্বে এ আদেশ কার্যকর হবে।



(মোঃ মাহবুবুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চিলমারী, কুড়িগ্রাম।

ফোন- ০৫৮২৪৫৬০০৩

e-mail: unochilmari@mopa.gov.bd